

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২০ তারিখ: ২২ জুলাই ২০১৭ শনিবার

সর্বশেষ পরিস্থিতি

আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞা: যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২২/০৭/১৭ পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২২/০৭/১৭ পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৮	৪
জয়পুরহাট	১	০
বরিশাল	২	০
গোপালগঞ্জ	৯	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৭	১২
মুন্সীগঞ্জ	১৪	২
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৪	২
নেত্রকোনা	২	০
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	১৬	৩
রাজশাহী	১	১
সর্বমোট	১০৬	৩০**

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের ঢাকা মহানগরে ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থাইটিস এ আক্রান্ত।

জনাব আবদুর রাতিনের মৃত্যু চিকুনগুনিয়াতে নয়

বিশিষ্ট অভিনেতা জনাব আবদুর রাতিন চিকুনগুনিয়াতে মৃত্যুবরণ করেছেন বলে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হবার পরে আইইডিসিআর-এর পক্ষ থেকে বিশেষজ্ঞদের নিয়ে একটি তদন্ত কমিটি বিষয়টি অনুসন্ধান করে। পরলোকগত জনাব রাতিনের সমস্ত মেডিক্যাল রেকর্ড ও মৌখিক ময়না তদন্ত করে তাঁরা এ সিদ্ধান্তে পৌঁছেছেন যে, আকস্মিকভাবে হৃদযন্ত্র বন্ধ হয়ে যাওয়া, সেপটিসেমিয়াজনিত কারণে শ্বাসতন্ত্র বন্ধ হওয়া, ও ইলেক্ট্রিলাইট ভারসাম্যহীনতা-ই জনাব রাতিনের মৃত্যুর কারণ। চিকুনগুনিয়া দ্বারা

সংক্রমিত হবার কোন প্রমাণ পাওয়া যায় নি। (The death review revealed that the death was due to acute cardiac failure, respiratory failure due to septicemia, electrolyte imbalance. There was no evidence of CHIKUNGUNYA infection.) বিশেষজ্ঞ দলে আছেন প্রফেসর এ বি এম আবদুল্লাহ, প্রফেসর খান আবুল কালাম আজাদ, প্রফেসর সানিয়া তহমিনা, প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরা, প্রফেসর টিটু মিয়া, প্রফেসর হারিসুল হক, ডা. শাহজাদা সেলিম প্রমুখ।

স্বাস্থ্য মন্ত্রণালয়ে চিকুনগুনিয়া ও ডেঙ্গু বিষয়ে সভা অনুষ্ঠিত



আজ ২২ জুলাই দুপুরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের উদ্যোগে চিকুনগুনিয়া ও ডেঙ্গু বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী জনাব মো. নাসিম এমপি-র সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রতিরোধের ব্যবস্থাাদি ও ভবিষ্যৎ করণীয় নিয়ে আলোচনায় অংশ নেন ঢাকা উত্তরের মাননীয় মেয়র জনাব আনিসুল হক, ঢাকা দক্ষিণের মাননীয় মেয়র জনাব মো. সাঈদ খোকন, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মো. সিরাজুল ইসলাম, বিএমএ'র সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আবুল কালাম আজাদ, সৈয়দ আবুল মকসুদ, রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক প্রফেসর সানিয়া তহমিনা, আইইডিসিআর-এর পরিচালক প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরা, ঢাকা উত্তর ও দক্ষিণের প্রধান স্বাস্থ্য কর্মকর্তাদ্বয় প্রমুখ।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন